দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 MAY 1997 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

70

# অবশেষে খুলনা ভার্সিটি শিক্ষকরাও ক্লাস বর্জনের পথ ধরলেন

খুলনা ব্যুরো ঃ খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এই প্রথমবারের মতো ২৮ মে ক্লাস বর্জন করেছেন। আগের দিন ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনের ছাত্রছাত্রীরা চার দফা দাবী আদায়ের আন্দোলনের এক পর্যায়ে মঙ্গলবার এই ডিসিপ্লিনের প্রধান এডিএম রশিদুজ্জামানের পদত্যাগের দাবীতে তার কুশপুত্তলিকা দাহ করে। এর প্রতিবাদে শিক্ষকরা ক্লাস নেয়া থেকে প্রতীক বিরতি পালন করেন। ফলে ঐদিন বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি।

উল্লেখ্য, এই ডিসিপ্লিনের ছাত্রছাত্রীরা তাদের ডিসিপ্লিনে উচ্চতর যোগ্যতাসম্পন্ন এমবিএ ডিগ্রীধারী শিক্ষক নিয়োগ, অবিলম্বে এমবিএ ডিগ্রীধারী পাঁচজন শিক্ষক নিয়োগ, সংশ্লিষ্ট স্কুলের অধীনে ব্যবস্থাপনা ডিসিপ্লিন চালু এবং ব্যবস্থাপনা ডিগ্রীধারী শিক্ষকদের ঐ ডিসিপ্লিনে স্থানান্তর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ-এর সাথে লিংক প্রোগ্রাম চালুর মাধ্যমে শিক্ষার মানোন্নয়নের দাবীতে গত ২৫ মে থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করতে থাকে।